# Pravasi Bharatiya Divas Convention: 2021

**January 07, 2021**

# প্রবাসী ভারতীয় দিবস সম্মেলন: 2021

**জানুয়ারী 07, 2021**

প্রবাসী ভারতীয় দিবস (পিবিডি)সম্মেলন বিদেশ মন্ত্রকের একটি ফ্ল্যাগশিপ ইভেন্ট এবং প্রবাসী ভারতীয়দের সাথে সংযোগ স্থাপন ও মেলামেশার জন্য একটি গুরুত্বপূর্ণ মাধ্যম সৃষ্টি করে। বর্তমান কোভিড মহামারী সত্ত্বেও, 9 জানুয়ারী, 2021 তারিখে আমাদের অভিবাসী সম্প্রদায়ের অনুভূতির কথা মাথায় রেখে 16 তম প্রবাসী ভারতীয় দিবস সম্মেলনের আয়োজন করা হচ্ছে। সাম্প্রতিক পিবিডি সম্মেলনগুলি যেমন অনুষ্ঠিত হয়েছিল তেমনই এই সম্মেলনটিও ভার্চুয়াল মাধ্যমে অনুষ্ঠিত হবে। 2021 সালের 16 তম প্রবাসী ভারতীয় দিবস (পিবিডি)সম্মেলনের মূল প্রতিপাদ্য বিষয় "আত্মনির্ভর ভারতের প্রতি অবদান"।

পিবিডি সম্মেলনে মোট তিনটি বিভাগ থাকবে। পিবিডি সম্মেলনের উদ্বোধন করবেন ভারতের মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং প্রধান অতিথির বক্তব্য রাখবেন সুরিনাম প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি মাননীয় চন্দ্রিকাপরসাদ সান্তোখি। যুবসম্প্রদায়ের জন্য নির্দিষ্ট অনলাইন কুইজ "ভারত কে জানুন" বিজয়ীদের নামও এখানে ঘোষণা করা হবে।

উদ্বোধনী অধিবেশন পরবর্তী দুটি প্লেনারি সেশন থাকবে। প্রথম প্লেনারিতে বিদেশমন্ত্রী এবং বাণিজ্য ও শিল্পমন্ত্রী আত্মনির্ভর ভারতে অভিবাসী সম্প্রদায়ের ভূমিকা নিয়ে বক্তব্য রাখবেন এবং দ্বিতীয় প্লেনারীতে কোভিডোত্তর প্রেক্ষাপটে স্বাস্থ্য, অর্থনীতি, সামাজিক ও আন্তর্জাতিক সম্পর্ক নিয়ে আলোচনা করবেন স্বাস্থ্য ও বিদেশ বিষয়ক প্রতিমন্ত্রী। উভয় প্লেনারিতেই প্যানেল আলোচনার বিশিষ্ট প্রবাসী বিশেষজ্ঞদের আমন্ত্রণ জানানো হবে।

সমাপ্তি অধিবেশনে মাননীয় রাষ্ট্রপতি প্রবাসী ভারতীয় দিবস উপলক্ষে তাঁর বিদায়ী ভাষণ দেবেন। 2020-21 সালের প্রবাসী ভারতীয় সম্মান প্রাপকদের নামও ঘোষণা করা হবে। দেশে এবং বিদেশে বিভিন্ন ক্ষেত্রে তাদের কৃতিত্ব এবং অবদানের স্বীকৃতি জানিয়ে সম্মান প্রদর্শনের জন্য প্রবাসী ভারতীয় সম্মান পুরষ্কার প্রদান করা হয়।

2021 সালের ৪ই জানুয়ারী "সফল ভারতীয় ও ভারতীয় অভিবাসী যুবসমাজের একত্রীকরণ" বিষয়ক যুব পিবিডি আনুষ্ঠানিকভাবে উদযাপিত হবে এবং অনুষ্ঠানটি পরিচালনা করবেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রক। অনুষ্ঠানের বিশেষ অতিথি থাকবেন নিউজিল্যান্ডের কমিউনিটি এবং স্বেচ্ছাসেবী বিভাগীয় মন্ত্রী মাননীয়া শ্রীমতী প্রিয়াঙ্কা রাধাকৃষ্ণান।

অনুষ্ঠানটি পিবিডি ওয়েবসাইট http://www.pbdindia.gov.in এবং https://www.youtube.com/user/MEAIndia এ সরাসরি ওয়েবকাস্ট করা হবে।

**নিউ দিল্লি**
**জানুয়ারী 07, 2021**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.